**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বাংলাদেশ পরিকল্পনা কমিশন
কার্যক্রম বিভাগ
**“কার্যক্রম বিভাগে একটি নতুন ডিজিটাল ডাটাবেজ সিস্টেম স্থাপনের মাধ্যমে উন্নয়ন বাজেট ব্যবস্থাপনা পদ্ধতি শক্তিশালীকরণ (৩য় সংশোধিত)” প্রকল্প**
**শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭**

নং-২০.০৬.০০০০.০০২.১৪.০২৪.২১ (অংশ-৩)-৬৪১ তারিখ: ০৭/০৭/২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন “কার্যক্রম বিভাগে একটি নতুন ডিজিটাল ডাটাবেজ সিস্টেম স্থাপনের মাধ্যমে উন্নয়ন বাজেট ব্যবস্থাপনা পদ্ধতি শক্তিশালীকরণ (৩য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পে নিম্নে বর্ণিত শূন্য পদে প্রকল্পের মেয়াদকালীন (৩০ জুন ২০২৭ পর্যন্ত) সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে চুক্তিভিত্তিক সাকুল্য বেতনে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও বেতন গ্রেড | পদের সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | ডাটা এন্ট্রি অপারেটর (গ্রেড-১৪) | ১ | অনূর্ধ্ব ৩২ বৎসর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। |

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

১. জনপ্রশাসন মন্ত্রণালয়ের (www.mopa.gov.bd) নির্ধারিত চাকরির আবেদন ফরম A4 সাইজ কাগজে পুরণপূর্বক স্বাক্ষরসহ প্রকল্প পরিচালক, “কার্যক্রম বিভাগে একটি নতুন ডিজিটাল ডাটাবেজ সিস্টেম স্থাপনের মাধ্যমে উন্নয়ন বাজেট ব্যবস্থাপনা পদ্ধতি শক্তিশালীকরণ (৩য় সংশোধিত)” শীর্ষক প্রকল্প, ব্লক-৭, কক্ষ নং-৩৪, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর আবেদন করতে হবে।

২. আবেদনপত্র আগামী ৩০/০৭/২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/ কুরিয়ার সার্ভিসে অথবা সরাসরি পৌছাতে হবে।

৩. আবেদনপত্রের সাথে “কার্যক্রম বিভাগে একটি নতুন ডিজিটাল ডাটাবেজ সিস্টেম স্থাপনের মাধ্যমে উন্নয়ন বাজেট ব্যবস্থাপনা পদ্ধতি শক্তিশালীকরণ” শীর্ষক প্রকল্পের অনুকূলে ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

৪. আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ (এক) টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:
   ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র [অভিজ্ঞতার সনদপত্রসহ (যদি থাকে)];
   খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;
   গ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ এর সত্যায়িত অনুলিপি;

৫. আবেদন ফরমে পাসপোর্ট সাইজের সদ্য তোলা ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

৬. অসম্পূর্ণ, ক্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭. সরকারি অথবা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৮. উপযুক্ত প্রার্থীদের লিখিত/মৌখিক/ ব্যবহারিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রার্থীদের প্রদত্ত পত্র যোগাযোগের ঠিকানায় চিঠির মাধ্যমে জানানো হবে। আবেদনকারীর সাথে পত্র যোগাযোগের জন্য বর্তমান ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিটসহ ৪.৫×৯.৫ সাইজের একটি খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৯. উল্লিখিত পদের বয়সসীমা ৩০/০৭/২০২৬ তারিখে সর্বনিম্ন ১৮ থেকে সর্বোচ্চ ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

১০. লিখিত এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১. নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ, বাছাই ও বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২. প্রার্থী নির্বাচন এবং যোগদান পদ্ধতি অনুসরণের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ নিয়ম অনুসরণ করা হবে।

১৩. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

১৪. কর্তৃপক্ষ যে কোন সময়ে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয় বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৭/৭/২০২৬

**(মোল্লা মোহাম্মদ আনিসুজ্জামান)**
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ফোনঃ ২২২২২১৬৬৮৪

ডিজি-১০১৯/২৬ (১১"×৪)